



# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০২৪৭৭৭৮৭৮৮১

Web: www.chuadangapouroshava.org/, E-mail: chuadangapourasava@lgd.gov.bd

স্মারক নং- চুয়াঃ পৌঃ/স্থায়ী/ কমিটি গঠন-৩/২৪-২০১৮/২০২৪/ ২৭৫২

তারিখ- ২৮/০১/২৪ খ্রিঃ

## প্রজ্ঞাপন

স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখার ইং ০২/০১/২০১৩ তারিখের ৪৬.০৬৩.০২২.০১.০০.০০১.২০১২ (অংশ-৩) ০৭ নং স্মারকে স্থানীয় সরকার (পৌরসভা) আইন-২০০৯ এর ৫৬(১) ধারার বিধান মোতাবেক আড়াই বছর মেয়াদ নির্ধারণ করে পৌরসভার স্থায়ী কমিটি গঠন ও কমিটির কার্যাবলী সংক্রান্ত উপ-আইন মালা প্রণয়ন করেছে। বিধিমালা অনুসরণ করে অত্র পৌরসভার “বাজার মূল্য, পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ” বিষয়ক স্থায়ী কমিটি পুনঃ গঠন করা হলো।


(এঃ) বাজার মূল্য পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি :

ক্রঃ নং	নাম	পদবী	কমিটিতে পদবী
০১	জনাব মোঃ মাসুদুর রহমান সরকার	উপপরিচালক কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা	সভাপতি
০২	জনাব শারমিন আক্তার, প্রশাসক	চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা	সদস্য
০৩	জনাব মোঃ মহসীন, নির্বাহী	প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা ও সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা	সদস্য
০৪	জনাব অহীন্দ্র কুমার মন্ডল	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা ও সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা	সদস্য
০৫	জনাব মাকসুরা জান্নাত	উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা	সদস্য

জনাব মোঃ জাহাঙ্গীর আলম, এসেসর, চুয়াডাঙ্গা পৌরসভা অত্র কমিটিতে সাচিবিক দায়িত্ব পালন করবেন।

অত্র কমিটির কার্যপরিধি :-

১. পৌরসভা এলাকায় অবস্থিত বিভিন্ন বাজারের নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর মূল্য পরিস্থিতি পর্যালোচনা ও মূল্য নিয়ন্ত্রণে সুপারিশ করা;
২. পণ্য চাহিদা ও সরবরাহ পরিস্থিতি পর্যালোচনা করা। কোন প্রকার সংকট থাকিলে উহার কারণ ও সমাধানের উপায় নির্ধারণ করা;
৩. নকল ও স্বাস্থ্যের জন্য ক্ষতিকর পণ্য সামগ্রীর বিক্রয় পরিস্থিতি পর্যবেক্ষণ ও মনিটরিং করা
৪. বাজার মূল্য পরিস্থিতি ও স্বাস্থ্যের জন্য ক্ষতিকর পণ্য সামগ্রীর বিক্রয় নিয়ন্ত্রণে নিয়মিত ভ্রাম্যমান আদালত পরিচালনায় প্রশাসনের সহযোগিতা নেওয়া এবং ভ্রাম্যমাণ আদালতকে সাময়িকভাবে সহায়তা করা।
৫. অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা।

  
(শারমিন আক্তার)  
প্রশাসক  
চুয়াডাঙ্গা পৌরসভা।

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে-

০১. প্রকল্প পরিচালক, IUGIP, এলজিইডি ভবন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

০২. জনাব.....সভাপতি/সদস্য বাজার মূল্য পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।